

বিমানের রোম ফ্লাইটে সহযোগিতার আশ্বাস ইতালির রাষ্ট্রদূতের

- A Monitor Desk Report

Date: 22 February, 2024



ঢাকা: রোম-ঢাকা রুটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট চালু হচ্ছে আগামী ২৬ মার্চ স্বাধীনতা দিবসে। ফের এই রুটে ফ্লাইট চালুর বিষয়ে সহযোগিতার আশ্বাস দিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আলোসান্দ্রো।

মঙ্গলবার (২০ ফেব্রুয়ারি) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আজিমের সঙ্গে ইতালির রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎকালে এ আশ্বাস দেন।

এর আগে ১৯৮১ সালের ২ এপ্রিল বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের রোম ফ্লাইট চালু হয় এবং ২০১৫ সালের ৬ এপ্রিল থেকে রোম ফ্লাইট বন্ধ হয়ে যায়।

শফিউল আজিম ২৬ মার্চ ঢাকা-রোম উদ্বোধনী ফ্লাইটের জন্য রাষ্ট্রদূতের সহায়তা প্রত্যাশা করেন। এ সময় ইতালীয় দূতাবাস বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে সব ধরনের সহযোগিতা করবে বলে জানান রাষ্ট্রদূত।

তিনি বলেন, এই ফ্লাইটটি বাংলাদেশ ও ইউরোপের মূল ভূখণ্ডের মধ্যে সংযোগ আরও শক্তিশালী করবে। বাংলাদেশে বসবাসকারী ইতালীয়রা যাতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সরাসরি ফ্লাইট উপভোগ করতে পারে, সে জন্য সহায়তার প্রত্যাশা দেন রাষ্ট্রদূত।

এ সময় উপস্থিত ছিলেন বিমানের পরিচালক মো. মোয়াজ্জেম হোসেন, মোহাম্মদ সালাহউদ্দিন প্রমুখ।

বিমান জানিয়েছে, বিমানের বাণিজ্যিক ওয়েবসাইট, মোবাইল অ্যাপস, বিমানের যেকোনও সেলস সেন্টার, বিমান কল সেন্টার এবং বিমান অনুমোদিত ট্রাভেল এজেন্সি থেকে টিকিট কেনা যাবে। ২৬ মার্চের মধ্যে বিমানের ওয়েবসাইট ও মোবাইল অ্যাপস থেকে টিকিট কেনার ক্ষেত্রে প্রমোকোড **BGROME15** ব্যবহার করে ১৫ শতাংশ ডিসকাউন্ট পাওয়া যাবে।

এ ছাড়া বিমান কলসেন্টার, নিজস্ব টিকিট কাউন্টার ও অনুমোদিত ট্রাভেল এজেন্সি থেকে টিকিট কিনলে মূল ভাড়ার ওপর ১০ শতাংশ ছাড় পাওয়া যাবে। বোয়িং-৭৮৭ ডিমলাইনারের মাধ্যমে রোম ফ্লাইট পরিচালিত হবে।

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসে রোমের উদ্দেশে বিমানের প্রথম ফ্লাইট যাত্রা করবে। ২৬ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত সপ্তাহে প্রতি সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার ঢাকা থেকে ফ্লাইট বিজি-৩৫৫ স্থানীয় সময় রাত ২টায় রোমের উদ্দেশে যাত্রা করে রোমে পৌঁছাবে স্থানীয় সময় সকাল ৭টায়। একই দিন রোম থেকে স্থানীয় সময় সকাল ৮টা ৪৫ মিনিটে যাত্রা করে ঢাকায় পৌঁছাবে রাত ১১টা ৪৫ মিনিটে।

তবে ১ এপ্রিল থেকে গ্রীষ্মকালীন সূচি অনুযায়ী প্রতি সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার ঢাকা থেকে স্থানীয় সময় রাত ৩টায় যাত্রা করে রোমে পৌঁছাবে সকাল ৯টা ১০ মিনিটে এবং রোম থেকে স্থানীয় সময় সকাল ১০টা ৪৫ মিনিটে যাত্রা করে ঢাকায় পৌঁছাবে রাত ১২টা ৩০ মিনিটে।

বিমান আরও জানিয়েছে, ঢাকা-রোম রুটে সব ধরনের ট্যাক্সসহ ইকোনমি ক্লাসে একমুখী সর্বনিম্ন ভাড়া জনপ্রতি সর্বমোট ৬৪ হাজার ৩৫৫ টাকা থেকে শুরু হবে এবং রাউন্ড ট্রিপ টিকিটের মূল্য শুরু হবে ১ লাখ ৪ হাজার ৫৬৮ টাকা থেকে। ট্যাক্সসহ বিজনেস ক্লাসে ঢাকা-রোম রুটে একমুখী সর্বনিম্ন ভাড়া শুরু হবে ১ লাখ ৪৪ হাজার ১০৫ টাকা থেকে এবং রাউন্ড ট্রিপ টিকিটের মূল্য শুরু হবে ২ লাখ ৫৮ হাজার ৫৬৮ টাকা থেকে।

রোম-ঢাকা রুটে ইকোনমি ক্লাসে একমুখী সর্বনিম্ন ভাড়া শুরু হবে ৪৮ হাজার ৭৮৮ টাকা থেকে এবং রাউন্ড ট্রিপ টিকিটের মূল্য শুরু হবে ৮৯ হাজার ৮৫২ টাকা থেকে। বিজনেস ক্লাসের ক্ষেত্রে একমুখী ও রাউন্ড ট্রিপ ভাড়া শুরু হবে যথাক্রমে ১ লাখ ২২ হাজার ৬৬৩ ও ২ লাখ ২২ হাজার ২৩৬ টাকা থেকে। মুদ্রা বিনিময় হার, সময় ও চাহিদা বিবেচনায় ভাড়ার পরিমাণ কমবেশি হতে পারে।

-B